

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বিদ্যুৎ বিভাগ  
(কোম্পানি এ্যাফেয়ার্স-২)  
www.powerdivision.gov.bd

২৫ আশ্বিন, ১৪২৩ বঙ্গাব্দ

নং- ২৭.০৮৯.০৩১.০০.০০.০০২.২০১৪-৩০৩

তারিখ : -----

১০ অক্টোবর, ২০১৬ খ্রিস্টাব্দ


সরকারি আদেশ

কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লি: (সিপিজিসিবিএল) এর আওতায় বাস্তবায়নাধীন মাতারবাড়ি কয়লাভিত্তিক তাপ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের Procurement of Power Plant and port facilities under Matarbari Ultra Super Critical Coal Fired Power Project, Package 1.2 এর প্রাক যোগ্যতা সম্পন্ন বিডারগণের সঙ্গে প্রকল্পের বিড জমা ও নিরাপত্তা সংশ্লিষ্ট বিষয় নিয়ে বিস্তারিত আলোচনার জন্য কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক জনাব মো: আবুল কাশেম কে আগামী ১৪/১০/২০১৬ হতে ১৬/১০/২০১৬ পর্যন্ত অথবা যাত্রা শুরুর তারিখ হতে ০৩(তিন) দিন (যাতায়াত সময় ব্যতীত) মালয়েশিয়া ভ্রমণের অনুমতি প্রদান করা হলো।

০২। ভ্রমণের শর্তাবলী নিম্নরূপ:

- (ক) বর্ণিত ভ্রমণ মাতারবাড়ি কয়লা ভিত্তিক তাপ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের Procurement of Power Plant and port facilities under Matarbari Ultra Super Critical Coal Fired Power Project, Package 1.2 এর প্রাক যোগ্যতা সম্পন্ন বিডারগণের সঙ্গে প্রকল্পের বিড জমা ও নিরাপত্তা সংশ্লিষ্ট বিষয় নিয়ে বিস্তারিত আলোচনার লক্ষ্যে করা হয়েছে মর্মে গণ্য হবে;
- (খ) বর্ণিত কর্মকর্তার মালয়েশিয়া ভ্রমণের যাবতীয় ব্যয়ভার সিপিজিসিবিএল এর নিজস্ব তহবিল হতে বহন করা হবে;
- (গ) যাতায়াতসহ ভ্রমণের সম্পূর্ণ সময় কর্মকাল হিসেবে গণ্য হবে;
- (ঘ) বর্ণিত কর্মকর্তার বেতন-ভাতাদির কোন অংশই বৈদেশিক মুদ্রায় প্রদান করা যাবে না;
- (ঙ) বর্ণিত উদ্দেশ্যে বিদেশে অবস্থানের মেয়াদ কোন ক্রমেই বর্ধিত করা যাবে না; এবং
- (চ) ভ্রমণ শেষে দেশে প্রত্যাবর্তনের ০৭(সাত) দিনের মধ্যে এ বিভাগে প্রতিবেদন দাখিল করতে হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(মাহফুজা আখতার)  
সিনিয়র সহকারী সচিব  
১৫৪০০৯৬  
e-mail:c.affairs-1@pd.gov.bd

নং- ২৭.০৮৯.০৩১.০০.০০.০০২.২০১৪-৩০০

তারিখ: ১০/১০/২০১৬ খ্রি:।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় (দৃ: আ: সহকারী সচিব, কনসুলার শাখা, আলোচ্য কর্মকর্তার অনুকূলে সংশ্লিষ্ট দূতাবাস/ হাইকমিশনকে প্রয়োজনীয় নোট ভারবাল প্রদানের অনুরোধসহ)।
- ০২। চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, সিপিজিসিবিএল।
- ০৩। ব্যবস্থাপনা পরিচালক, সিপিজিসিবিএল।
- ০৪। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
- ০৫। উপ-পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, আগারগাঁও, ঢাকা।
- ০৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ০৭। সচিবের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৮। এয়ারপোর্ট ম্যানজার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ০৯। ঢাকাস্থ মালয়েশিয়া দূতাবাস/ কনসুলেট অফিস, ঢাকা।
- ১০। প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ (পত্রটি বিদ্যুৎ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। যুগ্ম-সচিব (কো: এ্যা:) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ। (যুগ্ম-সচিব (কো: এ্যা:) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। জনাব.....

১/৭/-

(মাহফুজা আখতার)  
সিনিয়র সহকারী সচিব